



## জাতীয় বিশ্ববিদ্যালয়

সূত্র নং - ১৬(৬৯৩)/জাতী:বি:/রেজি:/একা:/প্রিলিমিনারী টু মাস্টার্স/২০১৮-১৯/৪৭৩৭

তারিখ: ৩০/১১/২০২১

### ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত ও প্রাইভেট) প্রোগ্রামে ভর্তিকৃত শিক্ষার্থীদের অনলাইন রেজিস্ট্রেশন কার্ড ইস্যু সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত ও প্রাইভেট) প্রোগ্রামে ভর্তিকৃত শিক্ষার্থীদের অনলাইন রেজিস্ট্রেশন কার্ড ০২ ডিসেম্বর ২০২১ তারিখ থেকে ইস্যু করা হবে। সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষ নিম্নোক্ত করণীয় ও সময়সূচি অনুসরণ করে ইস্যুকৃত রেজিস্ট্রেশন কার্ড ডাউনলোড করতে পারবেন।

ক্রমিক	করণীয়	তারিখ
১।	অনলাইনে ইস্যুকৃত রেজিস্ট্রেশন কার্ড ডাউনলোড করে প্রিন্ট নেয়ার তারিখ: ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত ও প্রাইভেট) প্রোগ্রামে ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড ডাউনলোড করতে সংশ্লিষ্ট কলেজসমূহকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট ( <a href="http://www.nu.ac.bd/admissions/regicard">www.nu.ac.bd/admissions/regicard</a> ) লিঙ্কে যেতে হবে। পরবর্তীতে College Login অপশনে গিয়ে (ক্রমিক-২ এর নির্দেশনা অনুযায়ী প্রাপ্ত) User ID ও Password ব্যবহার করে রেজিস্ট্রেশন কার্ড Download করে প্রিন্ট নিতে হবে। কলেজ কর্তৃপক্ষকে রেজিস্ট্রেশন কার্ডের প্রিন্ট কপিতে প্রদর্শিত সকল তথ্য ও ছবি মিলিয়ে দেখতে হবে। সকল তথ্য ও ছবি সঠিক থাকলে রেজিস্ট্রেশন কার্ডে শিক্ষার্থী এবং কলেজ অধ্যক্ষ নির্দিষ্ট স্থানে স্বাক্ষর করবেন। এছাড়াও শিক্ষার্থীর ছবির উপর সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষ স্বাক্ষর ও সিল প্রদান করবেন। এখানে উল্লেখ্য যে, রেজিস্ট্রেশন কার্ডে সংশ্লিষ্ট শিক্ষার্থীর ছবি ব্যতীত অন্য কোন ছবি প্রদর্শিত হলে সেক্ষেত্রে ছবি পরিবর্তনের আবেদন গ্রহণ যোগ্য হবে না।	০২/১২/২০২১ থেকে ০৩/০১/২০২২
২।	পাসওয়ার্ড সংক্রান্ত নির্দেশাবলী: যে সকল কলেজ রেজিস্ট্রেশন কার্ড Download করার জন্য Password সংগ্রহ করে নাই তাদেরকে কলেজ কোড, কলেজের নাম, ঠিকানা, নিবন্ধিত মোবাইল নম্বর ও সঠিক ই-মেইল এ্যাড্রেসসহ ডিন দপ্তরের অফিসিয়াল ই-মেইল ( <a href="mailto:pgdeanoffice@gmail.com">pgdeanoffice@gmail.com</a> ) এ আবেদন পত্র প্রেরণ করতে হবে। পরবর্তীতে সংশ্লিষ্ট কলেজের ই-মেইলে User ID, Password প্রেরণ করা হবে। উল্লেখ্য যে, ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত ও প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন কার্ড ডাউনলোড করার জন্য সংশ্লিষ্ট কলেজসমূহে যে User ID ও Password দেয়া হয়েছে তা বহাল থাকবে।	
৩।	উল্লেখ্য যে, ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে বা তৎপূর্বে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত ও প্রাইভেট) ভর্তি কার্যক্রমে কোন ফি বকেয়া থাকলে সংশ্লিষ্ট কলেজে কোন রেজিস্ট্রেশন কার্ড ইস্যু করা হবে না।	

বি: দ্র: ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত ও প্রাইভেট) প্রোগ্রামে ইস্যুকৃত রেজিস্ট্রেশন কার্ডে শিক্ষার্থীর নিজের নাম/পিতা-মাতার নামে কোন ভুল থাকলে কার্ড ইস্যুর পরবর্তী এক মাসের মধ্যে তা সংশোধনের জন্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের মাধ্যমে আবেদন করতে হবে।

স্বাক্ষরিত/-

(প্রফেসর ড. মোঃ আনোয়ার হোসেন)

ডিন

স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪

ফোন : ৯২৯১০৬৮, ৯২৯২০৮৪

ই-মেইল-[pgdeanoffice@gmail.com](mailto:pgdeanoffice@gmail.com)

সূত্র নং - ১৬(৬৯৩)/জাতী:বি:/রেজি:/একা:/প্রিলিমিনারী টু মাস্টার্স/২০১৮-১৯/৪৭৩৭

তারিখ: ৩০/১১/২০২১

অবগতির জন্য অনুলিপি দেয়া হলোঃ

- ১। সকল বিভাগীয় প্রধান, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ২। সচিব, ভাইস-চ্যান্সেলর এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৩। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৫। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৬। অফিস কপি।

স্বাক্ষরিত/-

উপ-রেজিস্ট্রার (মাস্টার্স)

স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪